আর্থিক প্রতিষ্ঠান ও বাজার বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা।

Website: www.bb.org.bd

ডিএফআইএম সার্কুলার নম্বর-০২

তারিখঃ ২৫ মার্চ, ২০১৫
১১ চৈত্র, ১৪২১

পর্ষদ চেয়ারম্যান
বাংলাদেশে কার্যরত আর্থিক প্রতিষ্ঠানসমূহ

প্রিয় মহোদয়গণ,

## আর্থিক প্রতিষ্ঠানের প্রধান নির্বাহী নিয়োগ সংক্রান্ত নীতিমালা

আর্থিক প্রতিষ্ঠানের আর্থিক ভিত্তি সুদৃঢ়করণ, আমানতের সুরক্ষা নিশ্চিতকরণ, আমানতকারীদের আস্থা অর্জন, সর্বোপরি সুশাসন ও জনস্বার্থ নিশ্চিতকরণের লক্ষ্যে একজন সৎ, দক্ষ, অভিজ্ঞ ও উপযুক্ত ব্যক্তিকে আর্থিক প্রতিষ্ঠানের প্রধান নির্বাহী বা ব্যবস্থাপনা পরিচালক (যে নামেই অভিহিত হোক না কেন) পদে নিয়োগ দানে নিম্নোক্ত নীতিমালা অনুসরণের নির্দেশ প্রদান করা হলোঃ

(১) **চারিত্রিক সংহতিঃ**

প্রধান নির্বাহী পদে নিযুক্তির ক্ষেত্রে সংশ্লিষ্ট ব্যক্তি সম্পর্কে এ মর্মে নিশ্চিত হতে হবে যে-

(ক) তিনি কোনো দেওয়ানী বা ফৌজদারী আদালত কর্তৃক দন্ডিত হননি;

(খ) তিনি কোনো নিয়ন্ত্রণকারী সংস্থার বিধিমালা, প্রবিধান বা নিয়ামাচার লংঘনের দায়ে দন্ডিত হননি;

(গ) তিনি কোনো কোম্পানী/প্রতিষ্ঠানের নিবন্ধন/লাইসেন্স বাতিল বা অবসায়নের জন্য প্রত্যক্ষ বা পরোক্ষভাবে দায়ী নন।

(২) **অভিজ্ঞতা ও উপযুক্ততা ঃ**

(ক) প্রধান নির্বাহী কর্মকর্তা পদে নিযুক্তির ক্ষেত্রে সংশ্লিষ্ট ব্যক্তির ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানে সক্রিয় কর্মকর্তা হিসেবে কমপক্ষে ১৫(পনেরো) বছরের এবং ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানের প্রধান নির্বাহীর অব্যবহিত পূর্ববর্তী পদে কমপক্ষে ০২ (দুই) বছরের অভিজ্ঞতা থাকতে হবে;

(খ) প্রধান নির্বাহীকে কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ন্যূনতম স্নাতকোত্তর ডিগ্রীধারী হতে হবে। অর্থনীতি, ব্যাংকিং ও ফিন্যান্স কিংবা ব্যবসায় প্রশাসন বিষয়ে উচ্চতর ডিগ্রী থাকলে তা অতিরিক্ত যোগ্যতা হিসেবে বিবেচিত হবে;

(গ) কোনো কোম্পানীর চেয়ারম্যান/পরিচালক/কর্মকর্তা থাকাকালীন স্বীয় পদ হতে বরখাস্তকৃত ব্যক্তি আর্থিক প্রতিষ্ঠানের প্রধান নির্বাহী হিসেবে যোগ্য বিবেচিত হবেন না;

(ঘ) ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানের কোন পরিচালক বা ঐ আর্থিক প্রতিষ্ঠানে ব্যবসায়িক স্বার্থ রয়েছে এমন ব্যক্তি প্রধান নির্বাহী পদে নিয়োগের জন্য যোগ্য বিবেচিত হবেন না।

(৩) **স্বচ্ছতা ও আর্থিক সংহতিঃ**

(ক) সংশ্লিষ্ট ব্যক্তি ইতিপূর্বে স্বীয় পেশায় দায়িত্ব পালনকালে কোনোরূপ অবৈধ কর্মকান্ডে জড়িত ছিলেন না;

(খ) তিনি পাওনাদারের পাওনা পরিশোধ বন্ধ করেননি বা পাওনাদারের সাথে আপোষ রফার মাধ্যমে পাওনা পরিশোধ হতে অব্যাহতি লাভ করেননি;

(গ) তিনি ঋণ বা কর খেলাপী নন;

(ঘ) তিনি আদালত কর্তৃক দেউলিয়া ঘোষিত হননি।

**(৪) বয়স সীমাঃ** কোনো ব্যক্তির বয়স ৬৫ (পঁয়ষট্টি) বছর অতিক্রান্ত হলে তিনি কোনো আর্থিক প্রতিষ্ঠানের প্রধান নির্বাহী পদে অধিষ্ঠিত থাকতে পারবেন না। অর্থাৎ প্রধান নির্বাহীর সক্রিয় কার্যকাল হবে সর্বোচ্চ ৬৫ (পঁয়ষট্টি) বছর।

**(৫) নিয়োগের মেয়াদঃ** প্রধান নির্বাহীর নিয়োগের মেয়াদ হবে অন্যূন ৩ (তিন) বছর। প্রার্থীর বয়স ৬৫ (পঁয়ষট্টি) বছর অতিক্রান্ত হতে যদি ৩ (তিন) বছরের কম সময় থাকে, তবে সেক্ষেত্রে বিশেষ বিবেচনায় উক্ত সময়ের জন্য তাঁকে নিয়োগ দেয়া যাবে।

**(৬) পুনঃনিয়োগঃ** চলতি মেয়াদ শেষে প্রধান নির্বাহীকে পুনঃনিয়োগ দেয়া যাবে। পুনঃনিয়োগের ক্ষেত্রে প্রধান নির্বাহী হিসেবে কর্মরত মেয়াদে প্রতিষ্ঠানটির আর্থিক কার্যক্রমের অগ্রগতি (CAMELS রেটিং, বিরূপ শ্রেণীকৃত ঋণ হার, মুনাফা ইত্যাদি), নিয়ন্ত্রণকারী সংস্থার নির্দেশনা লংঘনের দায়ে তাঁর উপর আরোপিত দন্ড (যদি থাকে) ইত্যাদি বিষয়গুলো বিবেচনায় আনতে হবে। পুনঃনিয়োগের ক্ষেত্রে আর্থিক প্রতিষ্ঠানের পরিচালনা পর্ষদের অনুমোদনক্রমে পর্ষদ চেয়ারম্যান কর্তৃক স্বাক্ষরিত একটি মূল্যায়ন প্রতিবেদন বাংলাদেশ ব্যাংকে দাখিল করতে হবে।

**(৭) বেতন-ভাতাদি নির্ধারণে অনুসরণীয় নীতিমালাঃ**

(ক) প্রধান নির্বাহীর বেতন-ভাতাদি নিরূপণে আর্থিক প্রতিষ্ঠানের সামগ্রিক কর্ম-উৎকর্ষতা, কর্মকান্ডের ব্যাপকতা, ব্যবসার পরিমাণ ও উপার্জন ক্ষমতা, সংশ্লিষ্ট ব্যক্তির যোগ্যতা, বয়স ও অভিজ্ঞতা এবং সমপর্যায়ের অন্যান্য আর্থিক প্রতিষ্ঠানে অনুরূপ পদে নিযুক্ত ব্যক্তিবর্গকে প্রদত্ত বেতন-ভাতা ইত্যাদি বিষয়গুলোর তুলনামূলক বিশ্লেষণ করতে হবে;

(খ) "মূলবেতন " ও "বাড়িভাড়া" খাতে প্রত্যক্ষ বেতন এবং"অন্যান্য" খাতে ভাতা সমন্বয়ে মোট বেতন নিরূপণ করতে হবে। "অন্যান্য" খাতের ভাতাদির (যেমন- প্রভিডেন্ট ফান্ড, ইউটিলিটি বিল, লীভ ফেয়ার অ্যাসিসটেন্স) সুনির্দিষ্ট পরিমাণ/সীমা উল্লেখ করতে হবে। এছাড়া প্রদেয় অন্যান্য সুবিধাদি (যেমন- গাড়ী, জ্বালানী, ড্রাইভার ইত্যাদি) অর্থমূল্যে রূপান্তরপূর্বক মোট মাসিক বেতন নির্ধারণ করে তা বাংলাদেশ ব্যাংকে প্রেরিতব্য প্রস্তাবে উল্লেখ করতে হবে। প্রস্তাবে মূল বেতন, বাড়ীভাড়া, উৎসব ভাতা, অন্যান্য ভাতা ও সুবিধাদি (সুনির্দিষ্টভাবে উল্লেখ করে) টাকার অংকে উল্লেখ থাকতে হবে;

(গ) চাকুরির মেয়াদকালে নিয়োগপত্রে উল্লিখিত বেতন-ভাতাদির শর্ত পরিবর্তন করা যাবে না;

(ঘ) প্রধান নির্বাহীর চাকুরি নবায়নকালে কর্ম-উৎকর্ষতা বিবেচনায় তাঁর বেতন-ভাতাদি পুন:নির্ধারণ করা যাবে;

(ঙ) অনুচ্ছেদ নং-(খ) এ বর্ণিত বেতন-ভাতাদি এবং অন্যান্য সুবিধাদি ছাড়া প্রধান নির্বাহী অন্য কোনও প্রত্যক্ষ বা পরোক্ষ সুবিধা (যেমন- লভ্যাংশ, কমিশন, ক্লাবের খরচ ইত্যাদি) পাবেন না। এছাড়া তিনি সংশ্লিষ্ট প্রতিষ্ঠান হতে কোনোরূপ ঋণ সুবিধাও গ্রহণ করতে পারবেন না;

(চ) প্রধান নির্বাহীর অনুকূলে আর্থিক প্রতিষ্ঠান কোনো আয়কর প্রদান করবে না অর্থাৎ নিয়োগকৃত ব্যক্তিকেই আয়কর প্রদান করতে হবে।

**(৮) উৎসাহ বোনাসঃ** আর্থিক প্রতিষ্ঠানের সাধারণ কর্মকর্তা/কর্মচারীদের অনুকূলে উৎসাহ বোনাস প্রদান সাপেক্ষে প্রতিষ্ঠানটির প্রধান নির্বাহী উৎসাহ বোনাস প্রাপ্য হবেন। তবে শর্ত থাকে যে, প্রধান নির্বাহীর অনুকূলে প্রদেয় উৎসাহ বোনাস বছরে ১০(দশ) লক্ষ টাকার বেশী হবে না।

**(৯) সভায় উপস্থিতির জন্য সম্মানী/ভাতা গ্রহণঃ** আর্থিক প্রতিষ্ঠানের পর্ষদ বা পর্ষদ কর্তৃক গঠিত কমিটির সভায় উপস্থিতির জন্য প্রধান নির্বাহী কোনো সম্মানী/ভাতা পাবেন না।

**(১০) বাংলাদেশ ব্যাংকের পূর্বানুমোদনঃ** প্রধান নির্বাহী নিয়োগ/পুনঃনিয়োগের পূর্বে বাংলাদেশ ব্যাংকের পূর্বানুমোদন গ্রহণ করতে হবে। এ নিয়োগের বিষয়ে বাংলাদেশ ব্যাংকের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে। এরূপ অনুমোদন গ্রহণের লক্ষ্যে পরিচালনা পর্ষদের চেয়ারম্যান কর্তৃক স্বাক্ষরিত প্রস্তাবের সাথে সংশ্লিষ্ট ব্যক্তির পূর্ণ জীবন বৃত্তান্ত, নিয়োগের শর্তাবলী, অনুচ্ছেদ নং- ৭(খ) অনুযায়ী নির্ধারিত প্রত্যক্ষ ও পরোক্ষ বেতন-ভাতা/অন্যান্য সুবিধাদি এবং এ বিষয়ে পর্ষদের অনুমোদনের অনুলিপি বাংলাদেশ ব্যাংকে দাখিল করতে হবে। উক্ত পদের জন্য মনোনীত ব্যক্তির নিকট হতে 'পরিশিষ্ট-ক' ও 'পরিশিষ্ট-খ' অনুযায়ী গৃহীত ঘোষণাপত্রও বাংলাদেশ ব্যাংকে দাখিল করতে হবে। আর্থিক প্রতিষ্ঠানসমূহ প্রধান নির্বাহী নিয়োগ/পুনঃনিয়োগের আবেদনপত্র প্রধান নির্বাহীর চলতি মেয়াদ শেষ হওয়ার কমপক্ষে ০১ (এক) মাস পূর্বে বাংলাদেশ ব্যাংকে প্রেরণ করবে।

**(১১) নিয়োগ বাতিলঃ** প্রতিষ্ঠান তথা জনস্বার্থে বাংলাদেশ ব্যাংক যে কোনো আর্থিক প্রতিষ্ঠানের প্রধান নির্বাহীর নিয়োগ বাতিল করতে পারবে।

**(১২) বরখাস্ত/অব্যাহতি/অপসারণ ও পদত্যাগঃ** বাংলাদেশ ব্যাংকের পূর্বানুমোদন ব্যতিত প্রধান নির্বাহীকে তাঁর পদ হতে বরখাস্ত, অব্যাহতি প্রদান বা অপসারণ করা যাবে না। তবে-

(ক) নিয়োগ চুক্তির মেয়াদপূর্তির পূর্বে প্রধান নির্বাহী চুক্তি বাতিল করতে চাইলে বা স্বেচ্ছায় পদত্যাগ করতে চাইলে চুক্তি বাতিল/পদত্যাগের প্রকৃত কারণ উল্লেখপূর্বক কমপক্ষে ১(এক) মাস পূর্বে এ সংক্রান্ত নোটিশ প্রতিষ্ঠানের পরিচালনা পর্ষদের চেয়ারম্যানের নিকট দাখিল করবেন এবং একই সময়ে উক্ত নোটিশের অনুলিপি বাংলাদেশ ব্যাংকেও প্রেরণ করবেন;

(খ) নিয়োগ চুক্তির মেয়াদপূর্তির পূর্বে প্রতিষ্ঠানের পর্ষদ চুক্তি বাতিল করতে চাইলে বা প্রধান নির্বাহীকে পদত্যাগের নির্দেশ প্রদান করলে তার কারণ উল্লেখপূর্বক প্রধান নির্বাহীকে কমপক্ষে ১ (এক) মাসের নোটিশ প্রদান করতে হবে এবং একই সময়ে উক্ত নোটিশের অনুলিপি বাংলাদেশ ব্যাংকে প্রেরণপূর্বক চুক্তি বাতিল কিংবা অপসারণের জন্য বাংলাদেশ ব্যাংকের অনুমোদন গ্রহণ করতে হবে। বাংলাদেশ ব্যাংকের অনুমোদন ব্যতিত নিয়োগ চুক্তি বাতিল কিংবা প্রধান নির্বাহীকে অপসারণ/অব্যাহতি কিংবা পদত্যাগে বাধ্য করা যাবে না;

(গ) প্রধান নির্বাহীর স্বেচ্ছায় পদত্যাগ, মেয়াদান্তে কিংবা অন্য কোনো কারণে উক্ত পদ শূন্য হলে প্রতিষ্ঠান তাৎক্ষণিকভাবে শূন্য পদে প্রধান নির্বাহী পদের অব্যবহিত নিচের পদ হতে কোনো যোগ্য কর্মকর্তাকে সর্বোচ্চ ৩ (তিন) মাসের জন্য ভারপ্রাপ্ত প্রধান নির্বাহী হিসেবে নিয়োজিত করে উক্ত কর্মকর্তার বিবরণসহ বাংলাদেশ ব্যাংককে অবহিত করবে। উল্লিখিত সময়সীমার মধ্যে কোনো আর্থিক প্রতিষ্ঠান প্রধান নির্বাহী নিয়োগে ব্যর্থ হলে বাংলাদেশ ব্যাংক উক্ত প্রতিষ্ঠানের প্রধান নির্বাহী কর্মকর্তার দায়িত্ব পালন করার জন্য একজন প্রশাসক নিয়োগ করতে পারবে এবং উক্ত প্রতিষ্ঠান তাঁর বেতন-ভাতা ও অন্যান্য সুবিধাদি বাবদ ব্যয় বহন করবে।

এ সার্কুলারের নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে। এ সার্কুলার কার্যকর হওয়ার পর হতে ১২ ডিসেম্বর, ২০০২ তারিখের এফআইডি সার্কুলার নং-১০; ০৬ ফেব্রুয়ারি, ২০০৬ তারিখের এফআইডি সার্কুলার নং-০১; ১১ জুলাই, ২০০৭ তারিখের এফআইডি সার্কুলার নং-০৪ এবং ১৮ মে, ২০১০ তারিখের ডিএফআইএম সার্কুলার লেটার নং-১২ বাতিল বলে গণ্য হবে।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ শাহ আলম)
মহাব্যবস্থাপক
ফোন-৯৫৩০১৭৮

**পরিশিষ্ট-ক**

# ঘোষণাপত্র

বাংলাদেশ ব্যাংক কর্তৃক ২৫ মার্চ, ২০১৫ তারিখে জারিকৃত ডিএফআইএম সার্কুলার নং-০২ এর সূত্রে আমি এ মর্মে ঘোষণা করছি যে-

(ক) আমি কোনো দেওয়ানী বা ফৌজদারী আদালত কর্তৃক দন্ডিত হইনি কিংবা কোনো জাল-জালিয়াতি, আর্থিক অপরাধ বা অন্যবিধ অবৈধ কর্মকান্ডের সাথে জড়িত ছিলাম না বা জড়িত নই। এছাড়া কোনো দেওয়ানী বা ফৌজদারী মামলায় আমার সম্পর্কে আদালতের রায়ে কোনো বিরূপ পর্যবেক্ষণ/মন্তব্য নেই;

(খ) আমি কখনো আর্থিক খাত সংশ্লিষ্ট কোনো নিয়ামক সংস্থার বিধিমালা, প্রবিধান বা নিয়মাচার লংঘনজনিত কারণে দন্ডিত হইনি;

(গ) আমি কোনো কোম্পানী/প্রতিষ্ঠানের নিবন্ধন/লাইসেন্স বাতিল বা অবসায়নের জন্য প্রত্যক্ষ বা পরোক্ষভাবে দায়ী নই;

(ঘ) আমি বা আমার স্বার্থ সংশ্লিষ্ট কোনো প্রতিষ্ঠান ঋণ ও কর খেলাপী নয়;

(ঙ) আমি অন্য কোনো আর্থিক প্রতিষ্ঠান বা ব্যাংক কোম্পানীর পরিচালক নই;

(চ) আমি কখনো আর্থিক খাত সংশ্লিষ্ট কোনো প্রতিষ্ঠানের চেয়ারম্যান/পরিচালক/কর্মকর্তা থাকাকালীন স্বীয় পদ হতে বরখাস্ত/অপসারিত হইনি;

(ছ) . . . . . . . . . . . (যে আর্থিক প্রতিষ্ঠানের প্রধান নির্বাহ নিয়োগের প্রস্তাব করা হয়েছে) নামীয় আর্থিক প্রতিষ্ঠান বা এর কোনো পরিচালকের সাথে আমার কোনো ব্যবসায়িক স্বার্থ জড়িত নেই।

তারিখ

স্বাক্ষর ঃ
নাম ঃ

প্রতিস্বাক্ষরঃ

চেয়ারম্যান, পরিচালনা পর্ষদ
----------------------
(আর্থিক প্রতিষ্ঠানের নাম)

**পরিশিষ্ট-খ**

# গোপনীয়তা রক্ষার ঘোষণাপত্র

আমি, নিম্নস্বাক্ষরকারী এ মর্মে নিশ্চয়তা প্রদান করছি যে, . . . . . . . . . . . এর প্রধান নির্বাহী পদে নিযুক্ত হলে, দায়িত্ব পালনকালে আমার বিবেচনার্থে উপস্থাপিত অথবা আমার গোচরীভূত প্রতিষ্ঠানটির কোনো বিষয় প্রত্যক্ষ বা পরোক্ষভাবে কোনো ব্যক্তির নিকট প্রকাশ করবো না। তবে আমার দায়িত্ব পালনের জন্য আবশ্যক হলে অথবা প্রচলিত আইনের বিধান অনুযায়ী বাধ্য হলে অথবা পর্ষদ কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত হলেই কেবলমাত্র তা প্রকাশ করবো।

তারিখ

স্বক্ষর ঃ
নাম ঃ

সাক্ষীঃ

১।

২।